

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।
(জুডিসিয়াল মুন্সিখানা)
www.kushtia.gov.bd

স্মারক নম্বর-০০.০০.৫০০০.০০৪.৫৯.০০৮.৩০.২৪-০৫

তারিখ : ১৪ পৌষ ১৪৩১
২৯ ডিসেম্বর ২০২৪

গণবিজ্ঞপ্তি

এ কার্যালয়ের ১৭ নভেম্বর ২০২৪ খ্রি. তারিখের ১৫৫১ নং স্মারকে জারীকৃত সময়সূচী অনুযায়ী ২০২৪ সালের জন্য আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের নির্ধারিত সময়সীমা ৩১ ডিসেম্বর ২০২৪ খ্রি. তারিখে শেষ হবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ০৩-০৮-২০১৬ খ্রি. তারিখে ৮২৬ নং স্মারকে জারীকৃত আগ্নেয়াস্ত্র লাইসেন্স প্রদান, নবায়ন ও ব্যবহার নীতিমালা-২০১৬ এর ৩১ (খ) মোতাবেক আগামী ৩১ জানুয়ারি ২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত এ জেলার সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্স নবায়নের সময়সীমা বর্ধিতকরণের আদেশ দেয়া হলো। উল্লেখ্য নির্ধারিত সময়ের মধ্যে নবায়ন ফি ও ভ্যাট সরকারি সংশ্লিষ্ট খাতে জমা প্রদান করে লাইসেন্স নবায়নের জন্য ধার্য তারিখের মধ্যেই অফিস চলাকালীন সময়ে এ কার্যালয়ের জুডিসিয়াল মুন্সিখানায় উপস্থিত হয়ে লাইসেন্স নবায়ন করে নিতে হবে। উল্লেখিত আইনের ৩১ (গ) অনুচ্ছেদের বিধান মোতাবেক আরও জানানো যাচ্ছে যে, নির্ধারিত বর্ধিত সময়ের মধ্যে লাইসেন্স নবায়ন না হলে জেলা ম্যাজিস্ট্রেটের নিকট নবায়ন না করার ব্যাখ্যাসহ আবেদন করতে হবে এবং ৩১ (ঘ) অনুচ্ছেদ অনুযায়ী কারণ সন্তোষজনক না হলে লাইসেন্সটি বাতিলপূর্বক অস্ত্র বাজেয়াপ্ত করা হবে, কারণ সন্তোষজনক হলে পূর্ণ লাইসেন্স ইস্যু ফি এর সমপরিমাণ ফি পরিশোধ সাপেক্ষে লাইসেন্স নবায়ন হবে।

এমতাবস্থায়, আগামী ৩১ জানুয়ারি ২০২৫ এর মধ্যে সকল আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীদের তাদের লাইসেন্স নবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ তৌফিকুর রহমান)

জেলা ম্যাজিস্ট্রেট

কুষ্টিয়া

ফোন: ০২৪৭৭৭৮২৩০০

dckushtia@mopa.gov.bd

স্মারক নম্বর-০০.০০.৫০০০.০০৪.৫৯.০০৮.৩০.২৪-০৫

তারিখ : ১৪ পৌষ ১৪৩১
২৯ ডিসেম্বর ২০২৪

অনুলিপি (সদয় অবগতির জন্য/অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো):

- ০১। পুলিশ সুপার, কুষ্টিয়া।
- ০২। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুষ্টিয়া।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, কুষ্টিয়া সদর/কুমারখালী/খোকসা/মিরপুর/ভেড়ামারা/দৌলতপুর, কুষ্টিয়া (তার উপজেলার আর্মস লাইসেন্সধারীদের জন্য বর্ণিত কর্মসূচি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। সিনিয়র তথ্য অফিসার, কুষ্টিয়া (তাকে উপরে বর্ণিত কর্মসূচি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। ডিজিএম সোনালী ব্যাংক, প্রিন্সিপাল অফিস, কুষ্টিয়া।
- ০৬। অফিসার ইনচার্জ, কুষ্টিয়া মডেল থানা/ কুমারখালী/খোকসা/মিরপুর/ভেড়ামারা/দৌলতপুর, কুষ্টিয়া (তাকে নির্ধারিত তারিখ ও সময়ে যথাস্থানে থানার রক্ষিত অস্ত্র রেজিস্টারসহ একজন প্রতিনিধি প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, কুষ্টিয়া শাখা/কোর্ট বিল্ডিং/কুমারখালী/খোকসা/মিরপুর/ভেড়ামারা/দৌলতপুর শাখা, কুষ্টিয়া।
- ০৮। প্রোগ্রামার/উপজেলা প্রোগ্রামার/টেকনিশিয়ান (তাকে জেলা, উপজেলা ও ইউনিয়ন ওয়েব পোর্টাল এবং ফেসবুক পেজে গণবিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য বলা হলো)।
- ০৯। মেসার্স চৌধুরী আর্মস ডিলার, পূর্ব মজমপুর, কুষ্টিয়া।
- ১০। নোটিশ বোর্ড।
- ১১। অফিস কপি।

জেলা ম্যাজিস্ট্রেট

কুষ্টিয়া